




Date: 07.09.2017

Enclosed is the news item appearing in 'Bartaman' a Bengali daily dated 06.09.2017, captioned 'অপারেশনের সময় ডান পায়ে বদলে ছাত্রের বাম পায়ে মেশিন দিয়ে ফুটো করার অভিযোগ'

Principal Secretary, Health & Family Welfare Department, Govt. of West Bengal is directed to furnish a report by 12<sup>th</sup> October, 2017.

  
(Justice Girish Chandra Gupta)  
Chairperson

  
(Napanarajit Mukherjee)  
Member

  
(M.S. Dwivedy)  
Member

Encl: News Item Dt. 06. .09. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and to send a copy of the order to concerned news paper.

# অপারেশনের সময় ডান পায়ে বদলে বাম পায়ে মেশিন দিয়ে ফুটো করার ত

বিএনএ, বাঁকুড়া: বিতর্ক যেন কিছুতেই বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালের পিছু ছাড়তে চাইছে না। ফুটবল খেলতে গিয়ে জখম এক ছাত্রের পায়ের চিকিৎসাকে কেন্দ্র করে ফের গাফিলতির অভিযোগ উঠেছে হাসপাতালের বিরুদ্ধে। অভিযোগ, কর্তব্যরত চিকিৎসক অপারেশনের সময় নবম শ্রেণির ওই ছাত্রের ডান পায়ের পরিবর্তে বাঁ পা মেশিন দিয়ে ফুটো করেন। পুরো ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে স্বেচ্ছায় পরিবারের তরফে উদাসীনতার অভিযোগ তোলা হয়েছে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

হাসপাতাল ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গদাজলঘাট ব্লকের কেশিয়ারা গোবিন্দপ্রসাদ উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র সত্যপির বাউরি আন্তঃবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। গত বৃহস্পতিবার অমরকানন দেশবন্ধু উচ্চ বিদ্যালয়ের মাঠে খেলা অনুষ্ঠিত

হয়। খেলা চলাকালীন মাঠের মধ্যে সত্যপির ডান পায়ে চোট পায়। সঙ্গে সঙ্গে তাকে অমরকানন ব্লক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর ওই ছাত্রকে বাঁকুড়া মেডিকলে স্থানান্তর করা হয়। শুক্রবার পায়ের এক্স-রে করা হয়। চিকিৎসক অপারেশন করার কথা জানান।

করেন, সত্যপিরের বাঁ পা মেশিন দিয়ে ফুটো করা হয়েছে। অর্থাৎ ওই পায়ে তার কোনও সমস্যা ছিল না। ডান পায়ের পরিবর্তে ভুল করে চিকিৎসক বাঁ পায়ে অপারেশন শুরু করতে গিয়েছিলেন। পরে ভুল ভাঙায় ফের নতুন করে ডান পায়ে অপারেশন শুরু হয়। ঘটনার রাতেই ছাত্রের

ছাত্রের পায়ে চে তারউপ এঁই অস সত্যপির আমাদে প্রতিবাদ বাঁকু হাঙ্গপাত স্ববাবদম আমি ড তিনি বা সম্পূর্ণ পায়ে অসাব পিনের হাঁটির ন পায়ে

## ফের বিতর্কে বাঁকুড়া হাসপাতাল

মূলত কেশিয়ারা গোবিন্দ প্রসাদ স্কুলের শিক্ষকরাই ওই ছাত্রের চিকিৎসার বিষয়টি দেখভাল করছেন। ওই বিদ্যালয়ের সহ শিক্ষক দীপক মণ্ডল বলেন, রবিবার রাত ৮টা নাগাদ সত্যপিরকে অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয়। আমি রাত পৌনে ১০টা পর্যন্ত হাসপাতালে ছিলাম। অপারেশন শেষ হতে প্রায় সাড়ে ১১টা বেজে যায়। রাতেই পরিবারের লোকজন লক্ষ্য

পরিবারের লোকজন বিষয়টি কর্তব্যরত চিকিৎসককে জানালে তিনি কার্যত শাসানি দেন। তাঁর কোনও ভুল নেই বদেও চিকিৎসক দাবি করেন। বাঁ পায়ের ক্ষতস্থানের চিকিৎসাও সেভাবে করা হয়নি। সোমবার সন্ধ্যা নাগাদ আমি হাসপাতালে গিয়ে কোনও আধিকারিকের দেখা পাইনি। মঙ্গলবার নিদিষ্ট হেল্প লাইন নম্বরে ফোন করে এব্যাপারে অভিযোগ জানিয়েছি।

## সংক্ষেপে

### বিজেপি রাজ্য দপ্তরের ফুটকে বেসরকারি রক্ষী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: রাজ্য বিজেপি'র অফিসের নিরাপত্তার জন্য নিযুক্ত করা হল বেসরকারি নিরাপত্তা কর্মী। গত রবিবার থেকে ২৪ ঘণ্টার পূর্ন নিরাপত্তা রক্ষী মোতায়েন করা হয়েছে ৬ নম্বর মুরলীধর সেন সেনের অফিসে। যা নিয়ে রাজনৈতিক মহলে জড়না শুরু হয়েছে। কেননা, ৩৪ বছর রাজ্য শাসন করলেও আলিমুদ্দিন খ্রিটে সিপিএম পাটি অফিসে বেসরকারি নিরাপত্তা রক্ষী মোতায়েন করার নজির

